গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mopme.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

নম্বর: ৩৮.০০.০০০০.০০২.৯৯.০১৪.২৩.১৪৫

তারিখঃ ১১ মাঘ ১৪৩২ / ২৫ জানুয়ারি ২০২৬

**বিষয়ঃ আসন্ন গণভোট বিষয়ে জনসচেতনতামূলক প্রচার-প্রচারণার লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ।**

সূত্র: ১) প্রধান উপদেষ্টার কার্যালয়ের স্মারক নং-০৩.০০.০০০০.০০০.০৩৯.১৬.০০০৩.২৫.১৭২; তারিখ: ২২ জানুয়ারি ২০২৬।
২) বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের ১৮ জানুয়ারি ২০২৬ তারিখের কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গণভোট ২০২৬ বিষয়ে জনসচেতনতামূলক প্রচার কার্যক্রম উপলক্ষ্যে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনে গত ১৮ জানুয়ারি ২০২৬ এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার নিম্নলিখিত সিদ্ধান্ত প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সংশ্লিষ্টঃ

৬) দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে দুটি করে ড্রপ-ডাউন ব্যানার স্থাপন করা হবে।

৭) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সারাদেশের সকল প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক এবং ছাত্র ছাত্রীগণের নিকট গণভোট বিষয়ক জনসচেতনতামূলক প্রচারণার জন্য প্রয়োজনীয় সংখ্যক লিফলেট বিতরণের উদ্যোগ গ্রহণ করবে।

০২। এমতাবস্থায়, গণভোট ২০২৬ বিষয়ে জনসচেতনতামূলক প্রচার কার্যক্রম উপলক্ষ্যে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের কার্যবিবরণীর উপর্যুক্ত সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৫/১/২৬
(মোঃ শামছুল আরিফ)
উপসচিব
ফোনঃ ০২২২৩৩৫১৮০১
ই-মেইল: dsad2@mopme.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, ঢাকা।
২. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
৩. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
৪. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ।
৫. শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা।

**অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো**
২৩২/১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।

স্মারক নং-৩৮.০০.০০০০.৩০১.০০৯.০০.০১৯৩.২৫(অংশ-২)- ১৮৬

তারিখ: ১৮ মাঘ ১৪৩২ / ০১ ফেব্রুয়ারি ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

অনুলিপি:

১. পরিচালক (প্রশাসন, অর্থ, লজি., বাস্ত. ও প্রশি.)/(পরি. মনি. ও মূল্যায়ন), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
২. উপ-পরিচালক (সকল), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
৩. সহকারী পরিচালক(সকল), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
৪. সহকারী পরিচালক (সকল), জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো।
৫. সহকারী প্রোগ্রামার, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. প্রশাসনিক কর্মকর্তা, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
৭. উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা কর্মকর্তা (সকল), উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো।
৮. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. অফিস কপি।

০১/০২/২০২৬
জিহাদুল ইসলাম জিহাদ
সহকারী পরিচালক (প্রশাসন)

F:\অফিস\ENDORSE\Endrose-1.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# প্রধান উপদেষ্টার কার্যালয়

পুরাতন সংসদ ভবন, ঢাকা।

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

পত্র সংখ্যা ০৩.০০.০০০০.০০০.০৩৯.১৬.০০০৩.২৫- ১৭২

০৮ মাঘ, ১৪৩২
তারিখ ...২২ জানুয়ারি, ২০২৬.....

**বিষয়: সভার কার্যবিবরণী প্রেরণ**

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর চেয়ারম্যান মহোদয়-এঁর সভাপতিত্বে এবং মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী (উপদেষ্টা পদমর্যাদা) এবং গণভোট বিষয়ে জনসচেতনতামূলক প্রচার কার্যক্রমের মুখ্য সমন্বয়ক অধ্যাপক আলী রীয়াজ মহোদয়-এঁর উপস্থিতিতে ১৮ জানুয়ারি ২০২৬ তারিখ রোজ রবিবার, দুপুর ০২:০০ ঘটিকায় আসন্ন গণভোট বিষয়ে জনসচেতনতামূলক প্রচার-প্রচারণার লক্ষ্যে অনুষ্ঠিত মতবিনিময় সভার অনুমোদিত কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে

২২/০১/২০২৬

মোহাম্মদ রাশেদ ওয়াসিফ
যুগ্মসচিব
প্রধান উপদেষ্টার কার্যালয়ে সংযুক্ত
ফোন- ০২-৫৫০২৯৪৫২

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. ভাইস চ্যান্সেলর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর

| প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সচিব-এর দপ্তর | |
|---|---|
| ☐ অতিরিক্ত সচিব (বিদ্যালয়) | অতি গুরুত্বপূর্ণ |
| ☐ অতিরিক্ত সচিব (প্রশাসন) | জরুরী |
| ☐ অতিরিক্ত সচিব (উন্নয়ন) | ব্যবস্থা গ্রহণ |
| ☐ অতিরিক্ত সচিব (বাঃও অঃ) | নথিতে পেশ |
| ☐ যুগ্মসচিব.......... | পরীক্ষান্তে পেশ |
| ☐ সচিবের একান্ত সচিব | অবগতি / আলোচনা |
| ডায়েরি নং.......... তাং: ২২/১/২৬ | সচিব |

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
২. প্রধান উপদেষ্টার বিশেষ সহকারীর একান্ত সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. প্রধান উপদেষ্টার বিশেষ সহকারীর (ঐকমত্য) একান্ত সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা
৪. প্রধান উপদেষ্টার মুখ্য সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৫. সচিব, মহোদয়ের একান্ত সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা

## বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

ইউজিসি ভবন, প্লট# ই-১৮/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

সভাপতি : প্রফেসর ড. এস এম এ ফায়েজ
চেয়ারম্যান
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।

তারিখ : ১৮ জানুয়ারি, ২০২৬, সময়: দুপুর ২.০০ ঘটিকা

স্থান : বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান এর অফিস কক্ষ।

বিষয়: আসন্ন গণভোট বিষয়ে জনসচেতনতামূলক প্রচার-প্রচারণার লক্ষ্যে অনুষ্ঠিত মতবিনিময় সভার কার্যবিবরণী।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় উপস্থিত ছিলেন—প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী (উপদেষ্টা পদমর্যাদা) ও ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট বিষয়ে জনসচেতনতামূলক প্রচার কার্যক্রমের মুখ্য সমন্বয়ক প্রফেসর আলী রীয়াজ; প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী (ঐকমত্য) (সিনিয়র সচিব পদমর্যাদা) জনাব মনির হায়দার; জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ. এস. এম. আমানুল্লাহ; শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব জনাব রেহানা পারভীন; শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব জনাব মুহাম্মদ রফিকুল ইসলাম; প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মোঃ সাখাওয়াৎ হোসেন; এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্য প্রফেসর মোহাম্মদ তানজীমউদ্দিন খান, পিএইচডি ও প্রফেসর ড. মোঃ সাইদুর রহমান।

২. সভাপতির অনুমতিক্রমে গণভোট বিষয়ে জনসচেতনতামূলক প্রচার কার্যক্রমের মুখ্য সমন্বয়ক প্রফেসর আলী রীয়াজ অবহিত করেন যে, জুলাই গণঅভ্যুত্থানের অন্যতম গুরুত্বপূর্ণ অর্জন হলো জুলাই জাতীয় সনদ–২০২৫। সনদে অন্তর্ভুক্ত বিষয়সমূহ বিশেষত গুরুত্বপূর্ণ সুপারিশসমূহ জনগণের নিকট সহজবোধ্যভাবে উপস্থাপন এবং ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠেয় গণভোটে জনগণের অংশগ্রহণ নিশ্চিত করতে ব্যাপক জনসচেতনতামূলক প্রচার কার্যক্রম গ্রহণ করা অত্যাবশ্যক। এ লক্ষ্যে সরকারের পক্ষ থেকে ইতোমধ্যে প্রচারণা কার্যক্রম শুরু হয়েছে। পরবর্তী পর্যায়ে শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে দেশের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সমন্বিত প্রচারণা পরিচালনার প্রয়োজনীয়তার কথা তিনি উল্লেখ করেন।

৩. সভাপতি জানান যে, দেশের ৫৬টি সরকারি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, প্রো-উপাচার্য, সকল অনুষদের ডিন এবং শিক্ষকগণের অংশগ্রহণে গণভোট বিষয়ে জনসচেতনতামূলক কার্যক্রম আয়োজন করা যেতে পারে। পরবর্তীতে তাঁদের মাধ্যমে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের সকল ছাত্র-ছাত্রীর নিকট গণভোটের বার্তা পৌঁছে দেওয়া হবে। একইভাবে, ১২০টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, ট্রাস্টি বোর্ডের সদস্য ও কোষাধ্যক্ষদের উপস্থিতিতে পৃথকভাবে জনসচেতনতামূলক কার্যক্রম পরিচালনার প্রস্তাব তিনি উপস্থাপন করেন।

৪. বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্য প্রফেসর মোহাম্মদ তানজীমউদ্দিন খান প্রচারণা কার্যক্রম সহজতর করার লক্ষ্যে দেশের সকল সরকারি বিশ্ববিদ্যালয়কে ৫/৬টি ক্লাস্টারে বিভক্ত করার প্রস্তাব দেন। তিনি আরও উল্লেখ করেন যে, স্বল্পতম সময়ের মধ্যে মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ও গণভোট সংক্রান্ত জনসচেতনতামূলক প্রচার কার্যক্রমের মুখ্য সমন্বয়ক এবং মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী (ঐকমত্য গঠন)-এর উপস্থিতিতে মতবিনিময় সভা আয়োজন করা যেতে পারে। পাশাপাশি বিশ্ববিদ্যালয়সমূহের অফিসিয়াল ফেসবুক পেজে গণভোট বিষয়ক প্রচারণামূলক ভিডিও প্রচারের উদ্যোগ গ্রহণের পরামর্শ প্রদান করেন।

৫. প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জানান যে, সারাদেশের প্রায় ৬৫ হাজার প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের নিকট গণভোট বিষয়ক জনসচেতনতামূলক প্রচারণার জন্য প্রায় ৫ লক্ষ লিফলেট বিতরণ করা হবে।

৬. কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব জানান যে, ইতোমধ্যে প্রায় ৮,৫০০ মাদ্রাসায় গণভোট বিষয়ক লিফলেট বিতরণ করা হয়েছে এবং দেশের ৮টি বিভাগে এ বিষয়ে জনসচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

[redacted]. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব উল্লেখ করেন যে, দেশের শিক্ষা বোর্ডসমূহের বিদ্যমান বাজেট ব্যবহার করে [redacted]ট মুদ্রণের উদ্যোগ গ্রহণ করা হবে। এছাড়া, দ্রুততম সময়ে এ সংক্রান্ত প্রয়োজনীয় বাজেট প্রাপ্তির লক্ষ্যে অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করা হবে।

৮. জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য জানান যে, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নিজ উদ্যোগে গণভোট সংক্রান্ত লিফলেট মুদ্রণ করে এঁর আওতাধীন কলেজসমূহের সকল ছাত্র-ছাত্রীর নিকট তা পৌঁছে দেওয়ার ব্যবস্থা গ্রহণ করবেন।

৯. প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী (ঐকমত্য গঠন) উল্লেখ করেন যে, দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে দুটি করে ড্রপ-ডাউন ব্যানার স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে হবে। পাশাপাশি গণভোটের প্রচার-প্রচারণার লক্ষ্যে প্রয়োজনীয়তার ভিত্তিতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহকে দ্রুত বাজেট প্রাপ্তিতে সার্বিক সহায়তা প্রদান করা হবে।

১০. সভায় বিস্তারিত আলোচনা ও মতামতের ভিত্তিতে শিক্ষা প্রতিষ্ঠানসমূহের মাধ্যমে গণভোট তথা জুলাই জাতীয় সনদের বিষয়বস্তু সর্বসাধারণকে অবহিতকরণের লক্ষ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়—

**সিদ্ধান্তসমূহ:**

(১) দেশের ৫৬টি সরকারি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, উপ-উপাচার্য, সকল অনুষদের ডিন ও শিক্ষকগণের অংশগ্রহণে গণভোট বিষয়ে জনসচেতনতামূলক কার্যক্রম পরিচালিত হবে। পরবর্তীতে তাঁদের মাধ্যমে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের সকল ছাত্র-ছাত্রীর নিকট গণভোটের বার্তা পৌঁছে দেওয়া হবে। এ কার্যক্রম সমন্বয়ের দায়িত্ব পালন করবেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্য প্রফেসর মোহাম্মদ তানজীমউদ্দিন খান।

(২) ১২০টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, ট্রাস্টি বোর্ডের সদস্য ও কোষাধ্যক্ষদের অংশগ্রহণে গণভোট বিষয়ে জনসচেতনতামূলক কার্যক্রম পরিচালিত হবে। এ কার্যক্রম সমন্বয় করবেন কমিশনের সদস্য অধ্যাপক ড. মোঃ সাইদুর রহমান।

(৩) প্রচারণার সুবিধার্থে দেশের সকল সরকারি বিশ্ববিদ্যালয়কে ৫/৬টি ক্লাস্টারে বিভক্ত করা হবে এবং দ্রুততম সময়ের মধ্যে মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ও গণভোট সংক্রান্ত জনসচেতনতামূলক প্রচার কার্যক্রমের মুখ্য সমন্বয়ক এবং মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী (ঐকমত্য গঠন)-এর উপস্থিতিতে মতবিনিময় সভা আয়োজন করা হবে।

(৪) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ শিক্ষা বোর্ডসমূহের বাজেট ব্যবহার করে লিফলেট মুদ্রণের উদ্যোগ গ্রহণ করবে এবং এ সংক্রান্ত প্রয়োজনীয় বাজেট প্রাপ্তির লক্ষ্যে দ্রুত অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করবে।

(৫) জাতীয় বিশ্ববিদ্যালয় নিজ উদ্যোগে গণভোট সংক্রান্ত লিফলেট মুদ্রণ করে তা নিজ আওতাধীন কলেজসমূহের সকল ছাত্র-ছাত্রীর নিকট বিতরণের ব্যবস্থা গ্রহণ করবে।

(৬) দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে দুটি করে ড্রপ-ডাউন ব্যানার স্থাপন করা হবে এবং বিশ্ববিদ্যালয়সমূহের অফিসিয়াল ফেসবুক পেজে গণভোট বিষয়ক প্রচারণামূলক ভিডিও প্রচার করা হবে।

(৭) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সারাদেশের সকল প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক এবং ছাত্র-ছাত্রীগণের নিকট গণভোট বিষয়ক জনসচেতনতামূলক প্রচারণার জন্য প্রয়োজনীয় সংখ্যক লিফলেট বিতরণের উদ্যোগ গ্রহণ করবে।

১১. সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(প্রফেসর ড. এস এম এ ফায়েজ)
চেয়ারম্যান
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।